# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - ভুলভ্রান্তি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৪. ২. ৩. একচল্লিশকে বিয়াল্লিশ বানানো

মথি বলেন: "এভাবে ইব্রাহিম থেকে দাউদ পর্যন্ত চৌদ্দ পুরুষ; দাউদ থেকে ব্যাবিলনে বন্দী করে নিয়ে যাবার সময় পর্যন্ত চৌদ্দ পুরুষ; ব্যাবিলনে বন্দী হবার পর থেকে মসীহ্ পর্যন্ত চৌদ্দ পুরুষ।" (মথি ১/১৭, মো.-০৬)

এ কথাটা ভুল। কারণ এখানে বলা হয়েছে: যীশুর বংশ তালিকা তিন অংশে বিভক্ত, প্রত্যেক অংশে ১৪ পুরুষ, তাহলে মোট ৪২ পুরুষ। এ কথাটা সুস্পষ্ট ভুল। মথির ১/১-১৭-র বংশ তালিকায় যীশু থেকে অবরাহাম পর্যন্ত ৪২ পুরুষ নয়, বরং ৪১ পুরুষের উল্লেখ রয়েছে। যে কোনো পাঠক গণনা করলেই তা দেখবেন। তবে কেউ যদি দাবি করেন যে, ৪১ ও ৪২ একই সংখ্যা তবে তার দাবি বিবেচনা করতে হবে; কারণ খ্রিষ্টধর্মে তিনে এক হয় বা তিন ও এক একই সংখ্যা বলে বিশ্বাস করতে হয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14165

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন